

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫১১(আগরতলা, ৮।৩)

ধর্মনগর, ৮ মার্চ, ২০১৯

যুবরাজনগর পঞ্চায়েত সমিতির সভা অনুষ্ঠিত

সম্প্রতি যুবরাজনগর পঞ্চায়েত সমিতির সভা পঞ্চায়েত সমিতির সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন যুবরাজনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান শিলু নাথ। সভায় উপস্থিত ছিলেন ব্লক এলাকার বিভিন্ন পঞ্চায়েতের প্রধান, পঞ্চায়েত সমিতি ও জিলা পরিষদের সদস্য সদস্যগণ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

সভার শুরুতে যুবরাজনগর ব্লকের বি ডি ও জিডিয়ন মলসুম ব্লক এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজকর্মের অগ্রগতির তথ্য তুলে ধরেন। তিনি জানান, প্রধানমন্ত্রী কৃষি সন্মান নিধি যোজনায় ব্লক এলাকার ৪ হাজার ৩৭ জন কৃষক তাদের নাম নথিভুক্ত করেছেন। বছরে ৩টি কিস্তিতে কৃষকরা ২ হাজার টাকা করে মোট ৬ হাজার টাকা পাবেন। বি ডি ও জানান, এম জি এন রেগায় এখন পর্যন্ত ৩টি এ ডি সি ভিলেজ এলাকায় ২ লক্ষ ৯২ হাজার ৬৩১ শ্রমদিবসের কাজ হয়েছে। তিনি জানান, প্রধানমন্ত্রী আবাস যোজনায় এ বছর ২৩টি পরিবারের গৃহ নির্মাণের কাজ শুরু করা হয়েছিল। এরমধ্যে ৬টি গৃহের নির্মাণ কাজ শেষ হয়েছে এবং ১৭টি গৃহের নির্মাণ কাজ চলছে। প্রতিটি গৃহ নির্মাণে ১ লক্ষ ৩০ হাজার টাকা করে মোট ব্যয় হচ্ছে ২৯ লক্ষ ৯০ হাজার টাকা। পঞ্চায়েত উন্নয়ন তহবিলে বরাদ্দ পেয়েছে ১২ লক্ষ ৮৬ হাজার ৪৯৭ টাকা। ইতিমধ্যে উন্নয়নমূলক কাজে ব্যয় হয়েছে ৭ লক্ষ ৫৭ হাজার ৬৩৮ টাকা।

কৃষি দপ্তরের প্রতিনিধি সভায় জানান, সীমান্ত এলাকা উন্নয়ন প্রকল্পে ৫ জনকে ধান মাড়াই যন্ত্র দেওয়া হবে। প্রতিটিতে সুবিধাভোগীরা ভর্তুকী পাবেন ৫০ হাজার টাকা। এছাড়াও ৫০ শতাংশ ভর্তুকীতে ২১টি ধান কাটার যন্ত্র এবং ৭৫ হাজার টাকা ভর্তুকীতে ৬১টি পাওয়ারটিলার দেওয়া হবে। এছাড়া সভায় প্রাণী সম্পদ বিকাশ, পুঁত, জল সম্পদ, পানীয়জল ও স্বাস্থ্যবিধান, শিক্ষা, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের বিভিন্ন উন্নয়ন কর্মসূচির পর্যালোচনা করা হয়।
